# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৮৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪১. উভয়ের লজ্জাস্থান একত্রে মিলিত হলে গোসল ওয়াজিব হবে, যদিও বীর্যপাত না হয়

بَابٌ فِي وُجُوبِ الْغُسْلِ بِالْتِقَاءِ الْخِتَانَيْنِ وَإِنْ لَمْ يُنْزِلْ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مُحَمَّدِ بْنِ أَحْمَدَ الْحَنَّاطُ ، ثَنَا إِسْحَاقُ بْنُ أَبِي إِسْرَائِيلَ ، نَا الْمُتَوَكِّلُ بْنُ فُضَيْلٍ أَبُو أَيُّوبَ الْحَدَّادُ بَصْرِيٌّ ، عَنْ أَبِي ظِلَالٍ ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ ، قَالَ : " صَلَّى رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ صَلَاةَ الصُّبْحِ وَقَدِ اغْتَسَلَ مِنْ جَنَابَةٍ ، فَكَانَ نُكْتَةٌ مِثْلُ الدِّرْهَمِ يَابِسٌ لَمْ يُصِبْهُ الْمَاءُ ، فَقِيلَ يَا رَسُولَ اللَّهِ ، إِنَّ هَذَا الْمَوْضِعَ لَمْ يُصِبْهُ الْمَاءُ ، فَسَلَتَ شَعْرَهُ مِنَ الْمَاءِ ، وَمَسَحَهُ بِهِ ، وَلَمْ يُعِدِ الصَّلَاةَ " . الْمُتَوَكِّلُ بْنُ فُضَيْلٍ ضَعِيفٌ

وَرُوِيَ ، عَنْ عَطَاءِ بْنِ عَجْلَانَ ، وَهُوَ مَتْرُوكُ الْحَدِيثِ ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ ، عَنْ عَائِشَةَ

বাংলা

৩৮৮(৪). সাঈদ ইবনে মুহাম্মাদ ইবনে আহমাদ আল-হান্নাত (রহঃ) ... আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরয গোসল করার পর ফজরের নামায পড়েন, কিন্তু তাঁর দেহের এক দিরহাম পরিমাণ জায়গা শুকনা ছিল, তাতে পানি পৌঁছেনি। বলা হলো, ইয়া রাসূলাল্লাহ! এই জায়গায় পানি পৌঁছেনি। অতএব তিনি হাত দিয়ে চুল থেকে পানি নিয়ে তা দিয়ে সেই জায়গা মলে ভিজিয়ে দেন এবং পুনর্বার নামায পড়েননি।

আল-মুতাওয়াককিল ইবনুল ফুদাইল (রহঃ) হাদীসশাস্ত্রে দুর্বল। তিনি আতা ইবনে আজলান-ইবনে আবু মুলায়কা-আয়েশা (রাঃ) সূত্রে হাদীস বর্ণনা করেছেন, কিন্তু ইবনে আজলান প্রত্যাখ্যাত রাবী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80177

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন